আর্থিক ভাবে স্বচ্ছল (able-to-pay) জনগণের জন্য

# Pricing Principles

এপ্রিল ২৪, ২০০৫

NSDP

USAID FROM THE AMERICAN PEOPLE

# আর্থিক ভাবে স্বচ্ছল (able-to-pay) জনগণের জন্য Pricing Principles[১]

## ভুমিকা

২০০৪ সালের মে - ডিসেম্বর মাসে এনএসডিপি সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকগুলোকে নিয়ে "Orientation Workshop on Community Response, Participatory Approaches and Pricing Intervention: Concept, tools and Initiatives" পরিচালনা করেছে। সেই ওয়ার্কসপে ইএসপি সেবার মূল্য কিভাবে নির্ধারণ করতে হয় তা দেখানো হয়েছে। অর্থাৎ ওয়ার্কসপে বর্নিত উপায়ের সাহায্যে সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকসমূহ তার ক্লিনিকের catchment population এর ধরণ অনুযায়ী সেবা মূল্য পুন:নির্ধারণ করতে পারবেন। উক্ত উপায়ে পর্যালোচনার পর, যদি ইএসপি সেবার মূল্য পুন:নির্ধারণ করা হয়, তবে সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকসমূহে আগত আর্থিকভাবে স্বচ্ছল (able-to-pay) কাস্টমারদের ন্যায্যমূল্যে ইএসপি সেবা প্রদান করা যাবে। এটি খুব গুরুত্তপূর্ণ কারন আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমারদেও কাছ থেকে যে টাকা পাওয়া যাবে, তা দিয়েই ক্লিনিক দরিদ্রতম জনগোষ্ঠিদের সেবা দিতে পারবে।

সেবা মূল্য নির্ধারণের উপায় সহজতর করার জন্য এমন একটি pricing principle দরকার - যার সাহায্যে *কোন্ কোন্ সেবা/ঔষধ/ল্যাব টেস্ট/ সামগ্রীর জন্য মূল্য নেয়া যাবে বা যাবে না* - সে সম্পর্কে ধারনা পাওয়া যাবে। তবে, কিভাবে কত টাকা, কোন সেবার জন্য ধার্য করতে হবে তা জানা যাবে না। এটা জানতে হলে ওয়ার্কসপে (প্রণীত ও) বর্ণিত ইএসপি সেবার মূল্য পুন:নির্ধারণ বিষয়ক কাগজপত্র পড়তে হবে। মনে রাখতে হবে যে সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকসমূহ ক্লিনিক specific মূল্য নির্ধারণ করতে পারবে প্রস্তাবিত pricing principles এ ক্ষেত্রে কোন রকম বাধার সৃষ্টি করবে না। price adjustment process এর মাধ্যমে ক্লিনিকসমূহের যেমন ক্লিনিক ও এলাকা ভিত্তিক সেবামূল্য নির্ধারণ করার পূর্ণ স্বাধীনতা আছে; তেমনি একইভাবে pricing principles ensure করে যেন সকল ক্লিনিকসমূহ Price Setting এর ক্ষেত্রে একটি common standard অনুসরণ করে। [২]

প্রস্তাবিত pricing principles এর নতুনত্ব হলো যে, এটি এনএসডিপি'র standard treatment protocol কে সামনে রেখে করা হয়েছে। অর্থাৎ, সেবা প্রদানের ক্ষেত্রে pricing principles treatment standard ও গুণগত মান উভয়কেই consider করে, যেমন, ANC customer এর প্রতি ANC visit এর জন্য যে যে procedure মানা উচিত তা হলো হিমোগ্লোবিন, urine, sugar র albumin পরীক্ষা করা । অর্থাৎ, "গুণগত মান" অর্জন করা সম্ভব যদি "standard" follow করা হয়। তাই প্রস্তাবিত এই pricing principles কে সামনে রেখে যদি সেবামূল্য নির্ধারণ করা হয় তবে আর্থিকভাবে স্বচ্ছল (able-to-pay) কাস্টমারদের সুলভে, উন্মতমানের সেবা ensure করা যাবে।

অর্থাৎ, এই pricing principles গুলির মাধ্যমে এনএসডিপি'র standard treatment protocol অনুসরন করে - কোন্ কোন্ সেবা/ঔষধ/ল্যাব টেস্ট/ সামগ্রীর জন্য মূল্য নেয়া যাবে বা যাবে না - তার কিছু শর্তাবলী প্রস্তাব করা হলো।[৩]

---

[১] Littlefield, Sarah, *Unit cost analysis consultancy report*, March 3, 2000, submitted to the Urban Family Health partnership. The referred document has been used as the base for the proposed pricing regulation.

[২] যেমন ধরা যাক pricing principles এ বলা হয়েছে সকল সূর্যের হাসি ক্লিনিকসমূহ যেন ANC সেবার জন্য এমন একটি মূল্য নির্ধারণ করবে যাতে করে ঐ মূল্যের বিনিময়ে শারীরিক পরীক্ষা এবং হিমোগ্লোবিন, urine, sugar র albumin পরীক্ষা করা যায় (বিস্তারিত জানার জন্য ৪ নং পৃষ্ঠা দেখুন)। ধরুণ, ক্লিনিক X ANC সেবার মূল্য ২০ টাকা নির্ধারণ করছে। একই ভাবে ক্লিনিক Y একই সেবার জন্য ৩০ টাকা ও ক্লিনিক নির্ধারণ করছে ১০ টাকা। যদিও X, Y, Z ANC সেবার জন্য ভিন্ন ভিন্ন মূল্য নির্ধারণ করছে কিন্তু সকলেই ঐ মূল্যের বিনিময়ে শারীরিক পরীক্ষা এবং এবং হিমোগ্লোবিন, urine, sugar, albumin পরীক্ষাসমূহ প্রতি ANC ভিজিটের জন্যই করেছে। অর্থাৎ X, Y, Z তাদের ক্লিনিক specific মূল্যে একই সেবা (ie, comprehensive ANC) প্রদান করছে। প্রস্তাবিত pricing principles এই commonality বজায় রাখতে সাহায্য করবে।

[3] প্রস্তাবিত pricing policy Tiahrt Amendment -কে violate করে না। কারণ Tiahrt Amendment-এ বলা হয়েছে যে (১) FP acceptor দের জন্য কোন target set করা যাবে না; (২) FP গ্রহীতাকে কোন incentive দেয়া যাবে না বা FP এর কোন target meet করা যাবে না; এবং (৩) গ্রহীতাকে তাঁর পছন্দমত FP method পছন্দ করতে দেয়া।

অর্থাৎ, একদিকে Tiahrt যেমন FP service focused, অন্যদিকে Pricing Principles গুলো এমন কিছু pricing option প্রস্তাব করে যখন (i) গ্রহীতা তার FP method already পছন্দ/choose করে ফেলেছে, এবং (ii) অন্যান্য (preventive ও curative) সেবার ক্ষেত্রে- সেবাপ্রদানকারী নিজেই diagnose করেন।

টাকার বিনিময়ে সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক সমূহ থেকে সেবা নিতে সক্ষম এমন (able-to-pay) কাস্টমারদের জন্য নিম্নে pricing principles বর্ণিত হলো। (ইএসপি সেবার মূল্য পুন:নির্ধারনের সময় এই pricing principles টি ব্যবহার করতে হবে।)

# আর্থিক ভাবে স্বচ্ছল জনগণের জন্য Pricing Principles:
# কোন কোন সেবার জন্য মূল্য নেয়া যাবে (বা বিনামূল্যে দেয়া যাবে)?

| | | কিসের জন্য মূল্য নেয়া যাবে? | কি বিনামূল্যে বিতরন করা যাবে? |
|---|---|---|---|
| **A.** | **শিশু স্বাস্থ্য** | | |
| শিশু স্বাস্থ্য (১ বছরের নীচে) | **EPI টীকা (all shots)**<br>**+**<br>**হেপাটাইটিস 'বি' (যদি থাকে)** | **সামগ্রী**<br>- ভিটামিন 'এ' ক্যাপসুল<br>- EPI টীকা<br>- হেপাটাইটিস 'বি'<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br><br>*(৭ নং পৃষ্ঠার ২ নং নোট দেখুন)* | |
| অন্যান্য শিশু স্বাস্থ্য (৫ বছরের নীচে) | **ডায়রিয়া (CDD)** | **ঔষধ** (ref: GOB ও NSDP'র মধ্যকার MOU)<br><br>**ল্যাব টেস্ট** (যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br><br>**সামগ্রী** (ORS) - যদি GOB ছাড়া অন্য কোন কোম্পানী থেকে সরবরাহ হয়<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | **সামগ্রী** (ORS) - যদি GOB থেকে সরবরাহ হয়<br><br>ফলো আপ ভিজিটের জন্য **সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি ৭ দিন পর্যন্ত। *বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| | **ভিটামিন 'এ'** | **সামগ্রী** (ক্যাপসুল) - যদি GOB ছাড়া অন্য কোন কোম্পানী থেকে সরবরাহ হয়<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | **ক্যাপসুল** - ভিটামিন 'এ'<br><br>*[যদি GOB থেকে সরবরাহ হয়]* |
| | **ARI** | **ঔষধ** (ref: GOB ও NSDP'র মধ্যকার MOU)<br><br>**সামগ্রী**<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | ফলো আপ ভিজিটের জন্য **সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>(৭ দিন পর্যন্ত। *বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| | **IMCI (CDD ও ARI ছাড়া)** — **কমিউনিটি IMCI** | **ঔষধ** (POT/NSDP থেকে যেমন set করে দেয়া হয়েছে)<br>*(ঔষধের মূল্যের কোন পরিবর্তন করতে হলে NSDP'র approval নিয়ে করতে হবে)* | **সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি |
| | **IMCI (CDD ও ARI ছাড়া)** — **Facility বা ক্লিনিকাল IMCI** | **ঔষধ** (ref: GOB ও NSDP'র মধ্যকার MOU)<br><br>**ল্যাব টেস্ট** (যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | X |

| | | কিসের জন্য মূল্য নেয়া যাবে? | কি বিনামূল্যে বিতরন করা যাবে? |
|---|---|---|---|
| **B. প্রজনন স্বাস্থ্য** | | | |
| পরিবার পরিকল্পনা — সরকারী সরবরাহ — **NGOs** বিনামূল্যে পেয়ে থাকে | নরপ্লান্ট<br>IUD<br>ইনজেকটেবল/ DMPA<br>খাবার বড়ি (ডজন) - সুখী | সামগ্রী (সূত্রঃ NSDP থেকে প্রদত্ত মার্চ ২৯, ২০০৫ তাং এর চিঠি দেখুন)<br>সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | |
| পরিবার পরিকল্পনা — সরকারী সরবরাহ — **NGOs** দের কিনতে হয় | কনডম (ডজন)/ Postinor / ECP | সামগ্রী | সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি |
| পরিবার পরিকল্পনা — বন্ধ্যাকরন | | ল্যাব টেস্ট (urine sugar এবং albumin যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br>সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | ঔষধ *(যদি GOB থেকে সরবরাহ হয়)*<br>- ১ম ভিজিট, এবং<br>- পরবর্তি ভিজিট<br>*(বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| পরিবার পরিকল্পনা — **SMC'র পরিবার পরিকলপনা সামগ্রী** | | সামগ্রী<br>সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | X |
| পরিবার পরিকল্পনা — **পার্শ্ব প্রতিক্রিয়া / complication ব্যবস্থাপনা** | | X | |
| পরিবার পরিকল্পনা — **IUD বা Norplant খোলা** | | সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি (যদি সেবাপ্রদানকারী এই পদ্ধতি খোলার যে তারিখ দিয়েছে, সেবাগ্রহীতা সেই তারিখের আগেই আসে) | (যদি সেবাপ্রদানকারী এই পদ্ধতি খোলার যে তারিখ দিয়েছে, সেবাগ্রহীতা সেই তারিখে আসে)<br>যে কোন সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>ঔষধ - GOB ছাড়া অন্য কোন কোম্পানী থেকে সরবরাহ হলেও |
| **RTI/STI** | | ঔষধ<br>ল্যাব টেস্ট (যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br>সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | ফলো আপ ভিজিটের জন্য সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>(৭ দিন পর্যন্ত। *বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| **টিটি টীকা (সকল প্রজননক্ষম মহিলার জন্য - বিবাহিত বা অবিবাহিত)** | | | টিটি টীকা - GOB থেকে সরবরাহকৃত<br>যে কোন সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>*(৭ নং পৃষ্ঠার ২ নং নোট দেখুন)* |

| | কিসের জন্য মূল্য নেয়া যাবে? | কি বিনামূল্যে বিতরন করা যাবে? |
|---|---|---|
| **B.** | **প্রজনন স্বাস্থ্য (ক্রমশ)** | |
| | শারীরিক পরীক্ষা (যেমন, উচ্চতা, ওজন, ব্লাড প্রেসার, Hb বা চোখ পরীক্ষা)<br>ল্যাব টেস্ট (Urine sugar এবং Albumin)<br>সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br><br>ঔষধ আয়রণ ফলিক এসিড (IFA)<br>এনে রাখা প্রয়োজন যে, Standard Treatment Protocol এ বলা হয়েছে যে প্রতি ভিজিটেই ANC সেবা হলো একটি acomprehensive সেবা। অর্থাৎ প্রতি ভিজিটেই ANC সেবায় অন্তর্ভুক্ত থাকবে উচ্চতা, ওজন, ব্লাড প্রেসার, হিমোগ্লোবিন এবং ইউরিন সুগার ও এলবুবিন পরীক্ষা। অতএব, ANC সেবা প্রদানের জন্য সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি'র শুধুমাত্র একটাই মূল্য হবে- যেটাতে উক্ত সকল পরীক্ষা (শারীরিক ও ল্যাব টেস্ট) সমূহ অন্তর্ভুক্ত থাকবে।<br><br>উদাহরণ স্বরূপঃ XYZ নামক এশটি ক্লিনিকের কথা ধরা যাক। XYZ ক্লিনিক ANC সেবার জন্য আর্থিক ভাবে স্বচ্ছল (ablea-to-pay) কাস্টমারদের কাছ থেকে ভিজিট প্রতি ১০ টাকা নেয়। এর মানে হলো এই ১০ টাকার বিনিময়ে XYZ ক্লিনিক তার উক্ত কাস্টমারের শারীরিক (উচ্চতা, ওজন, ব্লাড প্রেসার, হিমোগ্লোবিন বা চোখ পরীক্ষা) ও ল্যাব টেস্ট (urine sugar এবং albumin) করবে।[৪]<br><br>অন্যভাবে বলতে গেলে, টাকা দিতে সক্ষম এমন (able-to-pay) কাস্টমার প্রতি ভিজিটে ANC সেবার জন্য নিম্নোক্ত সবগুলো ক্যাটাগরি মিলিয়ে শুধুমাত্র ১টি মূল্য একবারই দিবেন:<br><br>(সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেক্রিপশথন ফি + শারীরিক পরীক্ষা + ল্যাব টেস্ট)<br><br>ANC সেবা প্রদানের সময় আয়রণ ফলিক এসিড (IFA) presecribve করলে IFA-কে অবশ্যই মূল্যের বিনিময়ে কাস্টমারের কাছে বিক্রি করতে হবে। তবে, নির্দিষ্ট ক্লিনিকই সিদ্ধান্ত নিবে যে তারা উপরে বর্নিত ANC Package এর সাথে IFA-যুক্ত করবে কিনা। খুব স্বাভাবিক ভাবেই ANC pack এর সাথে IFA-যুক্ত করলে ANC package এর দাম বেড়ে যাবে। অর্থাৎ IFA-যুক্ত করলে able-to-pay কাস্টমারকে প্রতি ভিজিটে ANC সেবার জন্য নিম্নোক্ত সবগুলো ক্যাটাগরি মিলিয়ে শুধুমাত্র ১টি মূল্য একবারই দিতে হবে:<br><br>(সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি + শারীরিক পরীক্ষা + ল্যাব টেস্ট + ঔষধ/ IFA)<br><br>সকল সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকসমূহকে উপরোক্ত নিয়মু অনুযায়ী ANC সেবার মূল্য নির্ধারণ করতে হবে।<br><br>মনে রাখা প্রয়োজন যে, এটি এশটি উদাহরণ মাত্র। নির্দিষ্ট ক্লিনিক, ওয়ার্কসপে বর্নিত উপায়ের সাহায্যে তার ক্লিনিকের catchment population এর ধরণ অনুযায়ী ANC সেবার মূল্য পুন:নির্ধারণ করতে পারবেন। নির্ধারনকৃত ক্লিনিক-specific ANC সেবার সেই মূল্য ১০ টাকাও হতে পারে বা তার কম বা বেশীও হতে পারে। | |

[৪] মনে রাখা প্রয়োজন যে, এটি এশটি উদাহরণ মাত্র। নির্দিষ্ট ক্লিনিক, ওয়ার্কসপে বর্নিত উপায়ের সাহায্যে তার ক্লিনিকের catchment population এর ধরণ অনুযায়ী ANC সেবার মূল্য পুন:নির্ধারণ করতে পারবেন। নির্ধারনকৃত ক্লিনিক-specific ANC সেবার সেই মূল্য ১০ টাকাও হতে পারে বা তার কম বা বেশীও হতে পারে।

ক্রমশ..

| | কিসের জন্য মূল্য নেয়া যাবে? | কি বিনামূল্যে বিতরন করা যাবে? |
|---|---|---|
| **C. প্রজনন স্বাস্থ্য (ক্রমশ)** | | |
| **PNC সেবা/ Neo natal care/ Vitamin A** | **ঔষধ**<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | **সামগ্রী** - ভিটামিন 'এ' ক্যাপসুল<br><br>*[যদি GOB থেকে বিনামূল্যে সরবরাহ হয়]* |
| **Normal delivery** | **ঔষধ**<br><br>**ল্যাব টেস্ট** (যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br>**সামগ্রী**<br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | X |
| **D. সংক্রামক রোগ (Communicable disease)** | | |
| **যক্ষা**<br><br>**ম্যালেরিয়া**<br><br>**কালা আজর**<br><br>**ফাইলেরিয়া** | X | **ঔষধ** - যদি GOB থেকে সরবরাহ হয়<br><br>**লজিস্টিকস** - যদি GOB থেকে সরবরাহ হয়<br><br>**ল্যাব রি-এজেন্ট** - যদি GOB থেকে সরবরাহ হয়<br><br>**এক্স-রে**<br><br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>ফলো আপ ভিজিটের জন্য **সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>(৭ দিন পর্যন্ত। *বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| **E. Limited curative care (LCC)** | | |
| **সকল বয়সের জন্য** | **ঔষধ**<br><br>**ল্যাব টেস্ট** (যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়)<br>**সার্ভিস চার্জ** বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি | ফলো আপ ভিজিটের জন্য সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন/প্রেসক্রিপশন ফি<br>(৭ দিন পর্যন্ত। *বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৮ দেখুন)* |
| **F. (শুধুমাত্র) ল্যাবটেস্ট** | | |
| | **ল্যাব টেস্ট**<br>(যদি ক্লিনিকে থাকে ও able-to-pay কাস্টমারের প্রয়োজন হয়) *(সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য, যখন কোন সেবাগ্রহীতা কোন* ক্লিনিকে শুধুমাত্র এক বা তার অধিক ল্যাবটেস্ট করতে আসবে। | X |
| **G. রেজিস্ট্রেশন ফি - নতুন কাস্টমার** | | |
| **নতুন কাস্টমার** | রেজিস্ট্রেশন ফি - **শুধুমাত্র একবার** নেয়া যাবে | X |

**নোট ঃ**

১. **সেবামূল্য (সার্ভিস চার্জ)** বলতে বুঝায়- কনসালটেশনের জন্য ফি/প্রেসক্রিপশন ফি/সেবা প্রদানকারীর (ডাক্তার বা প্যারামেডিক) ফি এবং রেফারেল।

২. যতক্ষণ পর্যন্ত না GOB থেকে বিনামূল্যে প্রাপ্ত EPI, TT সামগ্রীর জন্য টাকা নেয়ার বা না নেয়ার ব্যাপারে কোন সমাধান না পাওয়া যায় । ততক্ষন পর্যন্ত এ সম্পর্কিত ব্যাপারের guidance এর জন্য NGOসমূহ এনএসডিপি'র সাথে সরাসরি যোগাযোগ করবে।

৩. **রেজিষ্ট্রেশন ফি** যেহেতু ক্লিনিকে enrollment/ তালিকাভুক্তির জন্য একবারই গ্রহন করতে হয়, সেই ক্ষেত্রে কোন আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমার যদি কোন ক্লিনিকে নতুন সে থাকেন (অর্থাৎ, new কাস্টমার হয়ে থাকেন), তাহলে তার কাছ থেকে রেজিষ্ট্রেশন ফি নেয়া যাবে। তবেঃ

   a. প্রতি ভিজিটে রেজিষ্ট্রেশন ফি নেয়া যাবে না।
   b. রেজিষ্ট্রেশন ফি ফেরতযোগ্য নয় ।

৪. **সরবরাহসমূহ** হচ্ছে- সিরিঞ্জ, সুঁচ, গজ, ব্যান্ডেজ, রিএজেন্ট ইত্যাদি।

৫. **ঔষধ** বলতে শুধুমাত্র যেসকল ঔষধ Standard Drugs List-এ অর্ন্তভুক্ত শুধুমাত্র সেগুলোকেই বুঝানো হয়েছে।

৬. **সামগ্রী** বলতে কনডম, পিল এবং টীকাসমূহকে বুঝায়।

৭. 'x' অথবা শূন্য ঘরগুলোকে বুঝায়- "প্রযোজ্য নয়"।

আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমারদের সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিকসমূহ থেকে সেবা প্রদানের সময় নিম্নোক্ত নিয়মগুলো মনে রাখতে হবে ও অনুশীলন করতে হবেঃ

- ✓ **ফলো আপ বা revisit এর ক্ষেত্রে সেবা প্রদানকারী**
  - ☺ কাস্টমারকে দুপুরে বা যখন রুগী কম থাকে তখন আসতে বলতে পারেন। এর ফলে সেবাপ্রদানকারী উক্ত কাস্টমারকে অধিক সময় ধরে, যত্ন সহকারে দেখতে পারবেন।
  - ☺ কখনোই কোন সার্ভিস চার্জ বা কন্সাল্টেসন / প্রেসক্রিপশন ফি নিতে পারবেন না (যদি সেবাপ্রদানকারী কাস্টমারকে যে দিনে ফলো-আপ ভিজিটে আসতে বলেছে সেই দিনেই আসে)। অধিকন্তু, সেবাপ্রদানকারী ফলো-আপ কাস্টমাররের কাছ থেকে নিম্নোক্ত ক্ষেত্রে টাকা নিতে পারবেন:
    - ঔষধ
    - ল্যাব টেস্ট

- ✓ **সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক ইচ্ছা করলে**
  - ☺ মেডিকেল ডাক্তার ও প্যারামেডিক এর জন্য ভিন্ন ভিন্ন ফি রাখতে পারে। তবে সাধারণ নিয়ম হলো যে Paramedic এর কন্সাল্টেসন ফি মেডিকেল ডাক্তারের কন্সাল্টেসন ফি'র আনুমানিক ৫০%± কম হবে। (এর ফলে কাস্টমারকে ক্লিনিকে আসার জন্য এবং সুলভে সেবা নেয়ার জন্য আকৃষ্ট করা যাবে। এবং এর ফলে ক্লিনিকের আয়ও কমবে না।)
  - ☺ ইএসপি সেবাসমূহকে প্যাকেজ আকারে প্রদান করতে পারে বা নাও পারে। যেমন,
    প্রস্তাবিত এই pricing principles মাধ্যমে ANC সেবা প্যাকেজ আকারে প্রদান করতে বলা হয়েছে। *(বিস্তারিত জানার জন্য পৃষ্ঠা ৪ দেখুন)* ক্লিনিক ইচ্ছা করলে শিশু স্বাস্থ্যও প্যাকেজ এর আওতায় আনতে পারে। যেমন- EPI'র ৫ টি টিকা ও ভিটামিন-এ ক্যাপসুল শুধুমাত্র একটি মূল্যে একবার গ্রহনের মাধ্যমে দেয়া যেতে পারে।

✓ যদি আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমার ক্লিনিকের **নতুন কাস্টমার** হয়, তবে তিনি কিসের কিসের জন্য টাকা দিবেন?

(i) রেজিস্ট্রেশন ফি,

(ii) [কন্সাল্টেসন ফি + ঔষধের মূল্য + ল্যাব টেস্ট + সামগ্রী ]

(যা যা appropriate)

✓ যদি আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমার ক্লিনিকের **পুরাতন বা revisit কাস্টমার** হন, তবে তিনি কিসের জন্য মূল্য দিবেন?

(i) ঔষধের মূল্য

(ii) ল্যাব টেস্ট

(iii) সামগ্রী

(যা যা appropriate)

এবং কিসের জন্য কোন টাকা দিবেন না:

(i) রেজিস্ট্রেশন ফি,

(ii) সার্ভিস চার্জ (যে দিনে ফলো-আপ ভিজিটে আসতে বলা হয়েছে)

☟ প্রস্তাবিত pricing principles টি শুধুমাত্র আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমারদের ক্ষেত্রে ব্যবহার করতে হবে।

☺ দরিদ্রতম কাস্টমারদের (least advantaged/LA) ক্ষেত্রে Pricing and Exemption Policy সম্পর্কিত গাইডলাইনটি দেখতে হবে।

☟ সেবা থেকে কাউকে বঞ্চিত করা যাবে না (আর্থিক অক্ষমতা থাকা সত্ত্বেও)।

☟ কাস্টমারকে জানাতে ও বোঝাতে হবে যে কোন্ সেবা/ঔষধ/ল্যাব টেস্ট/ সামগ্রীর জন্য তার কাছ থেকে টাকা নেয়া হচ্ছে।

## ▪ ইএসপি সেবা'র মূল্য নির্ধারনের উপায়

*– দেখুন ও যাচাই করুন*

- সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক থেকে প্রদত্ত স্বাস্থ্য সেবার **বর্তমান মূল্য** (current price) অথবা
  যে মূল্যে ক্লিনিক থেকে সেবা প্রদান করতে ইচ্ছুক (expected price)

  সেবাগ্রহণকারী যে মূল্যে স্বাস্থ্য সেবা গ্রহণ করতে ইচ্ছুক (**willingness-to-pay**)

  এবং

  সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক যে এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান করে সেই একই এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান করে এরকম **অন্যান্য ক্লিনিকের সেবার মূল্য**

- ইএসপি সেবা প্রদানের খরচ (**cost**)

- সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক যে এলাকায় স্বাস্থ্য সেবা প্রদান করে সেই এলাকার **জনগনের আর্থ-সামাজিক অবস্থা** (যেমনঃ মাসিক আয়, পেশা, পরিবার সংখ্যা .... )

- ফ্যামিলি রেজিস্ট্রার ও এমআইএস এর **তথ্য** (যেমনঃ utilization, frequency of use…)

- এলাকার **জনগণের সমপৃক্ততাঃ** এলাকার জনগণের সাথে আলাপ আলোচনার মাধ্যমে সূর্যের হাসি চিহ্নিত ক্লিনিক থেকে প্রদত্ত স্বাস্থ্য সেবার মূল্য পুনঃ নির্ধারন (বাড়ানো বা কমানো বা অপরিবর্তিত) করা

- **প্রচারনা**'র ব্যবস্থা করা।

**সবসময় মনে রাখতে হবেঃ**

- ক্লিনিকের location
- curative care vs. preventive care
- সেবার গুনগতমান, এলাকায় অবস্থিত অন্যান্য সেবাপ্রদানকারীদের সেবার মান
- এলাকার জনগণের চাহিদা ও মতামত (সেবা ও সেবামূল্য সমপর্কে)




**মতামত পোষন করতে হবেঃ**

- সেবামূল্য বাড়ানো বা কমানো বা অপরিবর্তিত) করা সম্পর্কে
- স্বাস্থ্য সেবা কার্ড এর মূল্যছাড়, pre ও co-payment সম্পর্কে

# উদ্দেশ্যঃ Cost Recovery / ক্লিনিকের আয় বাড়ানো এবং কাস্টমার বাড়ানো

## সূর্যের হাসি চিহ্নিত (স্ট্যাটিক ও স্যাটেলাইট) ক্লিনিকে ____________________ সেবার বর্তমান মূল্য (current price):

- সেবাগ্রহণকারীর মূল্য প্রদানের ক্ষমতা (**abilty-to-pay**):
  - সম্পূর্ণ টাকা দিতে সক্ষম ..............................................
  - কিছু টাকা দিতে পারে ..............................................
  - কোন টাকা দিতে পারে না ......................................

- **অন্যান্য** সেবা প্রদানকারীদের ___________সেবার মূল্য
  - ___________________ তে এই সেবার মূল্য ..........................
  - ___________________ তে এই সেবার মূল্য ..........................
  - ___________________ তে এই সেবার মূল্য ..........................
  - ___________________ তে এই সেবার মূল্য ..........................

- ___________________ সেবা প্রদানের খরচ (**cost**) ...............

- এলাকার **জনগনের আর্থ- সামাজিক অবস্থা**
  - মাসিক আয়
  - পরিবার size
  - পেশা
- ফ্যামিলি রেজিস্ট্রার ও MIS এর **তথ্য**
  - ________________ সেবার monthly average utilization
  - ক্লিনিকে (male/female) কাস্টমারের সংখ্যা ...................
  - Catchment এলাকার
    - জনসংখ্যা ...............................................
    - ELCO সংখ্যা ...........................................
    - ............................
    - ............................

সেবামূল্য বাড়ানো বা কমানো বা অপরিবর্তিত রাখার decision নেয়ার সময় মনে রাখতে হবেঃ

- ক্লিনিকের location
- Curative care vs. preventive care
- সেবার গুনগতমান, এলাকায় অবস্থিত অন্যান্য সেবাপ্রদানকারীদের সেবার মান
- এলাকার জনগণের চাহিদা ও মতামত (সেবা ও সেবামূল্য সমপর্কে)

# রিপোর্টিং ছক

## ESP সেবা'র মূল্য নির্ধারনের জন্য

| NGO 'র নামঃ<br><br>----------------- | ক্লিনিকের নামঃ<br><br>-------------- | রিপোর্টিং তারিখঃ<br><br>----/----/২০০-- |
|---|---|---|

| ESP সেবা'র নাম | ক্লিনিকের বর্তমান মূল্য | ESP সেবা'র প্রস্তাবিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |

NSDP

NGO Service Delivery Program

তারিখ ঃ মার্চ ২৯, ২০০৬

প্রতি ঃ সকল প্রকল্প পরিচালক

হইতে ঃ ডাঃ ফেরদৌসী বেগম, হেড, প্রোগ্রাম অপারেশনস, এনএসডিপি

অনুলিপি ঃ রবার্ট জে. টিমন্স, পিএইচডি, চীফ অব পার্টি, এনএসডিপি
তামারা এম স্মীথ, ডেপুটি চীফ অব পার্টি,(প্রোগ্রাম) এনএসডিপি
সকল টীম লিডার, এনএসডিপি
সকল ডেক্স অফিসার এবং এনজিও সার্পোট টীম, এনএসডিপি
সকল রিজিওন্যাল প্রোগ্রাম/ ট্যাকনিক্যাল কো-অর্ডিনেটর/ বিসিসি ট্যাকনিক্যাল অফিসার

সকল এনজিও কন্টাক পারসন

বিষয় ঃ মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এ কোন কোন সেবার নাম উল্লেখ থাকবে - সংশোধিত চিঠি

---

মহোদয়,

আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এনএসডিপি স্টাফরা যখন আপনাদের ক্লিনিক পরিদর্শনে যাচ্ছেন, তখন কোন কোন ক্লিনিকে দেখা যাচ্ছে মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এ এমন সার্ভিসের নাম লেখা আছে যা ঐ ক্লিনিকে বর্তমানে প্রদান করা হয় না অথবা এমনও দেখা গেছে যে, আগের আদায়কৃত মূল্য লেখা আছে যা বর্তমানে প্রযোজ্য নয়।

অধিকন্তু, বাংলাদেশ সরকারের সাথে আমাদের চুক্তি অনুযায়ী আপনারা *সকল সেবার জন্য সার্ভিস চার্জ নিতে পারবেন, শুধুমাত্র সরকার প্রদত্ত পণ্য সামগ্রী ছাড়া*। কিছু কিছু ক্লিনিক এর মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এ ভুল বশতঃ সরকার প্রদত্ত পিল, কনডম, ইত্যাদির জন্য সেবার মূল্য লেখা হয়েছে।

আপনাকে অনুরোধ করা যাচ্ছে যে, আপনার এনজিও'র হেড কোয়ার্টার স্টাফ যেন আপনার ক্লিনিকগুলোর সাথে কাজ করে প্রতিটি ক্লিনিকে মূল্য সম্পর্কিত সাইনবোর্ডটি ঠিক করেন। এক্ষেত্রে এনএসডিপি'র উপদেশ হলো নিম্নোক্তঃ

- মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড কোথায় টানানো/ঝুলানো থাকবে?
  - স্ট্যাটিক ক্লিনিক
    - ওয়েটিং রুম
  - ল্যামিনেটেড A4 সাইজের কপি (যেটাকে 'জব এইড' বলে) প্রতিটি সেবা প্রদানকারীর সঙ্গে থাকবে (বিশেষ করে কাউন্সেলারের কাছে অবশ্যই থাকতে হবে)
  - স্যাটেলাইট ক্লিনিক
    - ল্যামিনেটেড A4 সাইজের কপি (যেটাকে 'জব এইড' বলে) প্রতিটি স্যাটেলাইট টিমের প্রতি সেবা প্রদানকারীর সঙ্গে থাকবে
- মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এ কি কি তথ্য থাকবে? (সংযুক্ত দেখুন)

"Dhanshiri", House No. NE (N) 5, Road No. 88, Gulshan-2, Dhaka-1212 Tel : 9886994-95, 8853815-7, 9883639-40 Fax : 880-2-9883634

- আপনারা জানেন যে এনএসডিপি আপনার বিভিন্ন ক্লিনিকে এলাকা ভিত্তিক সেবামূল্য নেয়ার ফ্লেক্সিবিলিটি দিয়েছে। অর্থাৎ, আপনার একটি ক্লিনিকে সেবা 'ক' এর জন্য যে মূল্য সেই একই সেবার জন্য অন্য ক্লিনিকে ঐ মূল্য নাও থাকতে পারে, যদিওবা ঐ সব ক্লিনিকই আপনার সংস্থার আওতাভূক্ত। অতএব, আপনাদের অনুরোধ করা যাচ্ছে যে, মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এ আপনার ক্লিনিকের এলাকা ভিত্তিক মূল্য লেখুন। নমুনার জন্য সংযুক্ত দেখুন।

- এনএসডিপি'র কাছ থেকে "জন্ম নিরোধক সামগ্রীর সার্ভির্স চার্জ আদায়" সম্পর্কিত মার্চ ২৯, ২০০৫ তারিখের চিঠি এবং ঐ চিঠির সাথে সংযুক্ত সরকার থেকে প্রাপ্ত সার্কুলার অনুযায়ী আপনাদের অনুরোধ করা যাচ্ছে যেঃ

  - কনডম (সরকার প্রদত্ত) এর ক্ষেত্রেঃ
    - কনডম এর জন্য যে মূল্য নেয়া হয় সেটা হলো **সেবা মূল্য/সার্ভিস চার্জ + "সরকারী মূল্য"**।
  - সরকার প্রদত্ত পিল, নরপ্ল্যান্ট, আইইউডি এবং ইনজেকটেবল এর ক্ষেত্রেঃ
    - *কোন "পণ্য মূল্য" নেয়া যাবে না*
    - সেবা মূল্য/সার্ভিস চার্জ নেয়া যেতে পারে
    - (একটি নির্দিষ্ট ভিজিটের জন্য) যত সাইকেল পিলই দেয়া হোক না কেন পিলের সেবা মূল্য/ সার্ভিস চার্জ একটাই থাকবে। (ক্লিনিক ভেদে পিলের সার্ভিস চার্জ ভিন্ন হতে পারে)[১]
  - পস্টিনর/ইসিপি (সরকার প্রদত্ত)
    - পস্টিনর/ইসিপি এর জন্য যে মূল্য নেয়া হয় সেটা হলো **সেবা মূল্য/সার্ভিস চার্জ + "সরকারী মূল্য"**।
  - তাই সরকার প্রদত্ত জন্ম নিরোধক সামগ্রীর ক্ষেত্রে কোনটা "সার্ভিস চার্জ" এবং কোনটা "সরকারী মূল্য" সেটা খুব পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে।[২]

- মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড এর তথ্যগুলো এমনভাবে লেখা থাকতে হবে যেন তা সেবা গ্রহন করতে আসা অপেক্ষমান কাস্টমারদের দৃষ্টিগোচর হয়।

- মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড (এবং "জব এইড")-এ পরিষ্কার ভাবে উল্লেখ থাকতে হবে যে " সবুজ রং-এর কার্ডধারী দরিদ্রতম কাস্টমারদের জন্য সকল সার্ভিস চার্জ মওকুফ করা হয়েছে"।

আরো ব্যাখ্যার প্রয়োজন হলে আপনার রিজিওনাল অফিস এবং/অথবা এনএসডিপি'র হেল্থ ম্যানেজমেন্ট এন্ড ফাইন্যান্স টিম এর সাথে যোগযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার সহযোগীতার জন্য ধন্যবাদ।

---

[১] অর্থাৎ ১ সাইকেল পিলের সেবা মূল্য যদি ৩ টাকা হয় তাহলে ২ সাইকেল বা ৩ সাইকেল বা যে কোন সংখ্যক পিলের একত্রিত দামও ৩ টাকাই থাকবে। কারন, পিলের জন্য যে মূল্য নেয়া হচ্ছে তা আসলে "সার্ভিস চার্জ"।

[২] সেবামূল্য (সার্ভিস চার্জ) বলতে বুঝায়- কনসালটেশনের জন্য ফি/প্রেসক্রিপশন ফি/সেবা প্রদানকারীর (ডাক্তার বা প্যারামেডিক) ফি এবং রেফারেল।

সামগ্রী বলতে কনডম, পিল এবং টীকাসমূহকে বুঝায়।

সংযুক্তঃ 'ক'

[৩]ডিসপ্লে বোর্ড-এ মূল্য সম্পকির্ত কি কি তথ্য থাকবেঃ

<u>সেবার মূল্য তালিকা</u>

| সেবার নাম[৪] | সেবার মূল্য (টা:)[৫] | পণ্য মূল্য (টা:) |
|---|---|---|
| **শিশু স্বাস্থ্য (০-৫ বছর)** | | |
| শিশু স্বাস্থ্য | | বিনামূল্যে (সরঃ স্যালাইন) |
| ভিটামিন-এ | | বিনামূল্যে (সরকারী) |
| ইপিআই (সকল ডোজ) | | |
| **মায়ের স্বাস্থ্য** | | |
| এএনসি- প্রথম ভিজিট | | |
| এএনসি- পুন:ভিজিট | | |
| পিএনসি- প্রথম ভিজিট | | |
| পিএনসি- পুন:ভিজিট | | |
| টিটি (গর্ভবতী ও গর্ভবতী নয় মহিলা) | | |
| **পরিবার পরিকল্পনা** | | |
| নরপ্ল্যান্ট (ইনস্যারশ্‌ন) | (বিনামূল্যেঃ খোলা) | বিনামূল্যে |
| আইইউডি (ইনস্যারশ্‌ন) | (বিনামূল্যেঃ খোলা) | বিনামূল্যে |
| ইনজেকটেবল/ডিএমপিএ | | বিনামূল্যে |
| পিল/সুখী (সরকার প্রদত্ত) | | বিনামূল্যে |
| কনডম/ডজন (সরকার প্রদত্ত) | | সরকারী মূল্য |
| পস্টিনর/ইসিপি (সরকার প্রদত্ত) | | সরকারী মূল্য |
| সংক্রমক রোগ | | |
| যক্ষ্মা | বিনামূল্যে | বিনামূল্যে |
| ম্যালেরিয়া/কালাজ্বর/ফাইলেরিয়া | বিনামূল্যে | বিনামূল্যে |
| সাধারন স্বাস্থ্য সেবা | | |

[৬]রেজিস্ট্রেশন ফি (শুধুমাত্র নতুন কাস্টমার এর ক্ষেত্রে প্রযোজ্য) ...........................

## সবুজ কার্ডধারী দরিদ্রতম কাস্টমারদের জন্য সকল সার্ভিস চার্জ মওকুফ করা হয়েছে

---

[৩] যদি কোন ক্লিনিকে র মূল্য সম্পকির্ত ডিসপ্লে বোর্ড টি এই নমুনার মত হয়, তাহলে বোন পরিবর্তন করার প্রয়োজন নাই।

[৪] সেবার নাম সব ক্লিনিকের জন্য একই রকম থাকবে (জব এইডও একই রকম হবে)। নতুন কোন সেবার নাম যোগ করতে হলে নির্দিষ্ট সাব হেডিং-এর নিচে লিখতে হবে।

[৫] বিভিন্ন ক্লিনিকে সেবার মূল্য ভিন্ন হতে পারে। সে কারনে মূল্য সম্পর্কিত ডিসপ্লে বোর্ড-এর নির্দিষ্ট অংশে ক্লিনিক ভিত্তিক মূল্য লিখতে হবে। উপরে উল্লেখিত নমুনা মূল্য তালিকার খালি অংশে ক্লিনিক ভিত্তিক মূল্য লিখতে হবে।

[৬] রেজিষ্ট্রেশন ফি যেহেতু ক্লিনিকে তালিকাভুক্তির জন্য একবারই গ্রহন করতে হয়, সেই ক্ষেত্রে কোন আর্থিকভাবে স্বচ্ছল কাস্টমার যদি কোন ক্লিনিকে নতুন এসে থাকেন (অর্থাৎ, নতুন কাস্টমার হয়ে থাকেন), তাহলে তার কাছ থেকে রেজিষ্ট্রেশন ফি নেয়া যাবে। তবেঃ প্রতি ভিজিটে রেজিষ্ট্রেশন ফি নেয়া যাবে না। এবং রেজিষ্ট্রেশন ফি ফেরতযোগ্য নয়।